



নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটে আ.লীগের হামলা ও ভাঙচুর



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতাকর্মীরা নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশ কনস্যুলেটে হামলা চালিয়ে ভাঙচুর করেছে। তারা অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম সেখানে অবস্থান করছেন সন্দেহে বিক্ষোভ করে। ঘটনার নিন্দা জানিয়ে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী দ্রুত তদন্ত ও আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন।

নিউইয়র্কে বাংলাদেশের কনস্যুলেটে হামলা ও ভাঙচুর চালিয়েছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতাকর্মীরা। সোমবার (২৫ আগস্ট) স্থানীয় সময় এই ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম কনস্যুলেটের ভেতরে আছেন—এমন সন্দেহে আওয়ামী লীগ নেতাকর্মীরা সেখানে বিক্ষোভ শুরু করেন। এ সময় তারা নানা স্লোগান দেন এবং কনস্যুলেটের প্রধান দরজায় ধাক্কাধাক্কি করেন। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ফুটেজেও ওই দৃশ্য দেখা গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। তবে মাহফুজ আলমকে সেখানে দেখা যায়নি।

ঘটনার নিন্দা জানিয়ে মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী বলেন, “বিদেশে অবস্থিত বাংলাদেশি মিশন ও কূটনৈতিক কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা স্বাগতিক দেশের দায়িত্ব। যুক্তরাষ্ট্রের মাটিতে এমন ন্যাকারজনক ঘটনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।”

রাষ্ট্রদূত আরও জানান, হামলার দায়ীদের বিরুদ্ধে দ্রুত তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা জরুরি। তিনি আশা প্রকাশ করেন, যুক্তরাষ্ট্র প্রশাসন বিষয়টিকে গুরুত্ব সহকারে নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে